



কালের কণ্ঠ

কালের কণ্ঠ, ০৯-১০-২০২৩, পৃষ্ঠা- ০৩

রিজার্ভ নিয়ে চিন্তিত কিন্তু শঙ্কিত নই

নিজস্ব প্রতিবেদক ▷

রিজার্ভ নিয়ে যে বিতর্ক তৈরি করা হচ্ছে, তা অন্যায় বলে মনে করেন বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন। তিনি বলেছেন, 'রিজার্ভ নিয়ে আমরা চিন্তিত, কিন্তু শঙ্কিত নই। তবে সতর্ক থাকতে হবে। আমাদের অর্থনীতি এখনো সবল আছে।'



গতকাল রবিবার ঢাকার এফডিসিতে অর্থনৈতিক সুরক্ষায় অভ্যন্তরীণ আয় বৃদ্ধির কৌশল নিয়ে ইউসিবি পাবলিক পার্লামেন্ট শিরোনামে এক ছায়া সংসদে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। প্রতিযোগিতাটি আয়োজন করে ডিবেট ফর ডেমোক্রেসি।

ফরাসউদ্দিন বলেন, 'অর্থনৈতিকভাবে পাকিস্তান, শ্রীলঙ্কাকে পেছনে ফেলে আমরা এখন ভারতের সঙ্গে টেক্সা দিচ্ছি। ঋণখেলাপিরা কেন বারবার পার পেয়ে যাবে? কেন ঋণ নিয়ে পরিশোধ করবে না? এক হাজার টাকার কৃষিঋণ ফেরত দিতে না পারলে কেন বঙ্গবন্ধুর আপনজন কিষান-কিষানীদের জেলে যেতে হয়? অথচ ১০ হাজার, ২০ হাজার কোটি টাকার ঋণখেলাপিরা এক দলের নয়, সব দলের সরকারপ্রধান ও রাষ্ট্রপ্রধানদের ডানে-বাঁয়ে বসে বিদেশ ভ্রমণ করে, এটা আমার হিসাবে মেলে না।'

সাবেক গভর্নর বলেন, 'আগামী জাতীয় নির্বাচনকে কেন্দ্র করে স্থিতিশীলতা বজায় রেখে সমঝোতা করা উচিত। রাজনৈতিক বিরোধের মীমাংসা না করে রক্তগঙ্গা বইয়ে দিলে আমাদের ভবিষ্যৎ খারাপ হবে।'

প্রতিযোগিতায় বিচারক ছিলেন অধ্যাপক ড. তাজুল ইসলাম চৌধুরী তুহিন, সাংবাদিক মাদ্দনুল আলম, জাকির হোসেন, মো. আলমগীর হোসেন ও সাংবাদিক শাহ আলম খান।